DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:28 AM

জাতীয়

# জুলাইয়ের শহীদ ও আহত ১০ পরিবারের সদস্যদের চাকরি দিল সরকার

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০৯ আগস্ট ২০২৬, ১০:২৫ AM



২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও গুরুতর আহত ১০ ব্যক্তির পরিবারের সদস্যদের হাতে সরকারি চাকরির নিয়োগপত্র তুলে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, সব বাধা ও সীমাবদ্ধতা অতিক্রম করে বাস্তবতার নিরিখে দেশকে এগিয়ে নিতে হবে।

শনিবার (৮ আগস্ট) দুপুরে তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নিয়োগপত্র হস্তান্তর শেষে প্রধানমন্ত্রী বলেন, অনুষ্ঠানে উপস্থিত কেউ সরাসরি জুলাইয়ের গণআন্দোলনে অংশ নিয়েছেন। আবার কেউ হারিয়েছেন প্রিয়জন। তাঁদের ও তাঁদের স্বজনদের বীরত্বপূর্ণ আত্মত্যাগের বিনিময়েই দেশের মানুষ আজ মুক্ত ও স্বাধীন পরিবেশে শ্বাস নিতে পারছে।

প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রীয় ও সরকারি নানা সীমাবদ্ধতা রয়েছে। তবে এসব বাধা অতিক্রম করে বাস্তবতার নিরিখে দেশকে সামনে এগিয়ে নিতে হবে। সবার সম্মিলিত প্রচেষ্টায় একটি সুন্দর ও বৈষম্যহীন বাংলাদেশ গড়ে তোলা সম্ভব।

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ থেকে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থান পর্যন্ত বিভিন্ন সময়ে মানুষের আত্মত্যাগের কথা স্মরণ করেন

সরকারপ্রধান। তিনি বলেন, এসব আত্মত্যাগের মূল লক্ষ্য ছিল একটি সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ গড়ে তোলা। এমন বাংলাদেশ, যেখানে প্রতিটি নাগরিক উন্নত ও মর্যাদাপূর্ণ জীবনযাপন করতে পারবেন।

প্রধানমন্ত্রী বলেন, যাঁদের হারানো হয়েছে এবং যাঁরা শারীরিকভাবে পঙ্গুত্ব বরণ করেছেন বা অন্যভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁদের সবার আকাঙ্ক্ষা ছিল একটি সুন্দর বাংলাদেশ দেখা।

তিনি বলেন, আমরা নিজেরা ব্যক্তিগতভাবে কী পেলাম, সেটি বড় কথা নয়। দেশকে আমরা কী দিতে পারলাম, সেটাই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ।

এই লক্ষ্য সামনে রেখে ধাপে ধাপে এগিয়ে গেলে কাঙ্ক্ষিত বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন প্রধানমন্ত্রী।

জুলাই আন্দোলনে অবদান রাখা মানুষের আত্মত্যাগের যথাযথ মূল্যায়ন ও পুনর্বাসনের উদ্যোগ অব্যাহত রাখার কথাও জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, শহীদ ও আহত পরিবারগুলোর পাশে থাকা রাষ্ট্রের দায়িত্ব। ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে।

---

## এ বিভাগের আরও খবর



গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী

গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী

ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...




### সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...




### আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/julaiyer-shhid-o-aht-10-pribarer-sdsjder-chakri-dil-srkar